



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর-১৭০৪

স্মারক নং : জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/৩৩

তারিখ : ২৭, ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ  
১০, মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা বিষয়ক  
ওয়েব সাইটঃ [www.nu.edu.bd/mf](http://www.nu.edu.bd/mf)  
ই-মেইলঃ [mf@nubd.info](mailto:mf@nubd.info)

২০১৩ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি/এম মিউজ শেষ পর্ব (আইসিটিসহ)  
পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত সময়সীমা বৃদ্ধি করণের  
দ্বিতীয় বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি/এম মিউজ শেষ পর্ব (আইসিটি সহ) পরীক্ষার আবেদন ফরম পূরণের সময়সীমা শর্ত সাপেক্ষে আগামী ১৪/০৩/২০১৬ তারিখ হতে ২৪/০৩/২০১৬ পর্যন্ত দ্বিতীয়বার বৃদ্ধি করা হ'ল।

**বিলম্ব ফি ছাড়া ফরম পূরণের শর্তাবলীঃ**

- যে সকল পরীক্ষার্থীদের (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট) গত ১৬/০২/২০১৬ তারিখের পর রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করা হয়েছে;
- যে সকল পরীক্ষার্থী (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট) শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি পেয়েছে;
- যে সকল পরীক্ষার্থীর (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট) রেজিস্ট্রেশন কার্ডের মেয়াদ বৃদ্ধি (নবায়ন) করা হয়েছে;

**বিলম্ব ফি সহ ফরম পূরণের শর্তাবলীঃ**

- গত ১৬/০২/২০১৬ তারিখের মধ্যে ফরম পূরণ করতে ব্যর্থ পরীক্ষার্থীরা (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট এবং মান-উন্নয়ন) নির্ধারিত ফি-এর অতিরিক্ত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বিলম্ব ফি প্রদান করার শর্তে ফরম পূরণ করতে পারবে।

**আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচী :**

ক)	আবেদনকারী পরীক্ষার্থীদের On-line-এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমাঃ	১৪/০৩/২০১৬ হতে ২৪/০৩/২০১৬ পর্যন্ত
খ)	আবেদন ফরম কলেজ কর্তৃক এন্ট্রির সময়সীমাঃ	২৮/০৩/২০১৬ পর্যন্ত
গ)	Pay slip সংগ্রহ ও সোনালী সেবার মাধ্যমে ফি জমাদানের শেষ তারিখঃ	৩০/০৩/২০১৬ পর্যন্ত
ঘ)	উল্লিখিত তারিখ সমূহে আবেদন ফরম পূর্ণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং টিউটোরিয়াল নম্বরের মূল ম্যানুয়াল কপি, প্রিন্ট কপি ও হাজিরা ০১ (এক) কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে বিশ্ববিদ্যালয়ে জমাদানের শেষ তারিখঃ	০৩/০৪/২০১৬

বিঃ দ্রঃ স্মারক নং- জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/০৫, ০৭/০১/২০১৬ ইং তারিখে প্রচারিত বিজ্ঞপ্তির সমস্ত নিয়মাবলী ও শর্ত বহাল থাকবে।

অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং টিউটোরিয়াল নম্বরের মূল ম্যানুয়াল কপি, প্রিন্ট কপি ও হাজিরা কপি বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে জমা দিতে হবে।

  
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর  
ফোনঃ ০২-৯২৯১০১৭, ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪

**অনুলিপি :**

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ২। অধ্যক্ষ, মাস্টার্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
- ৩। অফিস কপি।